

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৯৮২(আগরতলা-১৯।১২)

খোয়াই, ১৯ ডিসেম্বর, ২০১৯

পদ্মবিল ব্লকের রামসাধুপাড়া পরিদর্শনে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ পদ্মবিল ব্লকের রামসাধুপাড়া পরিদর্শনে আসেন। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী এলাকার বিভিন্ন বাড়িতে যান। সেখানে স্থানীয় জনসাধারণের সঙ্গে তিনি মতবিনিময় করেন এবং এলাকাবাসীর বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন। এদিন তিনি রামসাধুপাড়ার বিশ্ণুপতি দেববর্মা, সিমিকা দেববর্মা, সুদীপ দেববর্মা, রসকন্যা দেববর্মা, মঙ্গলেশ্বরী দেববর্মা, সবিতা দেববর্মা ও অনিতা দেববর্মার সাথে সরাসরি কথা বলেন এবং তাদের বিষয়ে খোঁজখবর নেন। পরে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সাথে কথা বলার সময় জানান, এই পাড়ায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় অনেকেরই গৃহ রয়েছে। যাদের নেই তাদের দ্রুত প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর নির্মাণ করে দেওয়ার জন্য পদ্মবিল ব্লকের বিডিও-কে নির্দেশ দেওয়া হয়েছে। এখানকার জনজাতি সম্প্রদায়ের মানুষদের স্বনির্ভর করে তুলতে প্রাণীসম্পদ পালনের উপর গুরুত্ব দিতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, এই এলাকায় যারা বিভিন্ন সামাজিক ভাতা পাওয়ার জন্য উপযুক্ত তাদেরকে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ভাতা দেওয়ার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, কর্মসংস্থানের জন্য সরকার বেকার যুবক-যুবতীদের স্বরোজগারী করে তোলার উপর গুরুত্ব দিয়েছে। এই লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, সার্বভৌম স্পেশাল ইকোনমিক জোনের কেন্দ্রীয় অনুমোদন পাওয়া গেছে। এই স্পেশাল ইকোনমিক জোন রাজ্যের অর্থনৈতিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। এতে প্রচুর কর্মসংস্থানেরও সুযোগও সৃষ্টি হবে। স্বরোজগারের এক নতুন পথ খুলে যাবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

মুখ্যমন্ত্রীর রামসাধুপাড়া পরিদর্শনের সময় বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী সুরত মজুমদার, ত্রিপুরা ক্রীড়া পর্যদের সচিব অমিত রক্ষিত, পদ্মবিল ব্লকের বিডিও প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*